

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ২৭-০৯-২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	: রিয়ার এডমিরাল এম শাহজাহান, এনপিপি, এনডিসি, পিএসসি, চেয়ারম্যান।
তারিখ	: ২৭-০৯-২০২০ খ্রি।
সময়	: ১০.০০ ঘটিকা।
স্থান	: মবক'র সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ১৯-০৮-২০২০ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বাস / মিনিবাস / কোষ্টার ক্রয় প্রসঙ্গে। <u>এজেন্ট শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯</u>	অর্থ মন্ত্রণালয়ের ০৮/০৭/২০২০ তারিখের পত্র অনুযায়ী ৩১ ডিসেম্বর-২০২০ পর্যন্ত যানবাহন ক্রয় বন্ধ থাকবে মর্মে পত্র পাওয়া গিয়েছে। সরকারি নির্দেশনা পাওয়া গেলে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে।	সরকারি নির্দেশনা পাওয়া মাত্রাই যানবাহন ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
২.	অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হাস প্রসঙ্গে। <u>এজেন্ট শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯</u>	১। মবক'র অধীমাংসিত ১৩৯টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে নৌপম'র সংশ্লিষ্ট কর্মকর্তা এবং পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকার উপ-পরিচালক মহোদয়ের সহিত যোগাযোগ অব্যাহত আছে। এছাড়াও গত ১২-০৩-২০২০ খ্রি: তারিখ অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় ১৮টি আপত্তি নিষ্পত্তির বিষয়ক কার্যবিবরণী নৌপম'র পত্র নং- ১৮.০০.০০০০.০১৮.০১.০৭৬.১৯.১৯২, তারিখঃ ২৫-০৮- ২০২০ এর মাধ্যমে পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকার মহাপরিচালক বরাবরে নিষ্পত্তি পত্র জারির জন্য প্রেরণ করা হয়েছে। ২। অধীমাংসিত অডিট আপত্তির জবাব প্রস্তুত ও মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বিভাগ ভিত্তিক সভা করা হয়েছে। ৩। আপত্তির নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।	১। মবক'র অধীমাংসিত ১৩৯টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে নৌপম'র সংশ্লিষ্ট কর্মকর্তা এবং পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকার উপ-পরিচালক মহোদয়ের সহিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ২। অডিট আপত্তির জবাব প্রস্তুতের জন্য প্রতিমাসে সকল বিভাগ সমন্বয়ে সভা আহবান করতে হবে। ৩। আপত্তির নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রধান নিরীক্ষা কর্মকর্তা
৩.	মবক'র অফিস ও আবাসিক এলাকা ও জেটি এলাকা পরিষ্কার পরিচ্ছন্নতা প্রসঙ্গে। <u>এজেন্ট শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯</u>	ক) (i) বড় ঘাস কাটার মেশিন ক্রয় করা হয়েছে এবং উক্ত মেশিন দ্বারা ঘাস কাটা হচ্ছে। আরো দুটি ছোট ঘাস কাটার মেশিন ক্রয়ের কার্যক্রম চলমান। পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম চলমান। (ii) গঠিত কমিটি কর্তৃক পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ তদারকি অব্যাহত আছে। পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম চলমান। (iii) খুলনা আবাসিক এলাকায় দৈনিক মজুরী ভিত্তিক শ্রমিক অস্থায়ীভাবে নিয়োগের মাধ্যমে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার কাজ চলমান আছে। (iv) অফিস এবং আবাসিক ভবনগুলোতে আগাছা ও পরগাছা পরিষ্কার রাখার বিষয়ে সংশ্লিষ্টদের ব্যবস্থা নেয়ার জন্য পত্র দেয়া হয়েছে।	ক) (i) দুটি ছোট ঘাস কাটার মেশিন দ্বুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম আরও তরাণ্বিত করতে হবে। (ii) গঠিত কমিটি কর্তৃক পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ তদারকিসহ পরিষ্কার পরিচ্ছন্নতা অব্যাহত রাখতে হবে। (iii) খুলনা আবাসিক এলাকায় দৈনিক মজুরী ভিত্তিক শ্রমিক অস্থায়ীভাবে নিয়োগের মাধ্যমে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার কাজ অব্যাহত রাখতে হবে। (iv) অফিস এবং আবাসিক ভবনগুলোতে আগাছা ও পরগাছা পরিষ্কার রাখার কাজ দ্বুত সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন) আহবায়ক গঠিত কমিটি উপ-ব্যবস্থাপক (সম্পত্তি) উপ-ব্যবস্থাপক (সম্পত্তি)